প্রথম আলো

তারিখ 16 OCT 2016
পৃষ্ঠা ৫ কলাম ৫

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# ভর্তি পরীক্ষার চূড়ান্ত সূচি প্রকাশ

রাজশাহী প্রতিনিধি ●

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার চূড়ান্ত সূচি প্রকাশ করা হয়েছে। ২৪ থেকে ২৭ অক্টোবর পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের প্রশাসক মশিহুর রহমান বলেন, ২৪ অক্টোবর সকাল ৯টা থেকে ১০টা পর্যন্ত বি-ইউনিটের বিজোড় এবং বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত বি-ইউনিটের জোড় রোল নম্বরধারীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। একই দিনে বেলা ১টা থেকে ২টা পর্যন্ত ডি-ইউনিটের বাণিজ্য গ্রুপ এবং সাড়ে ৩টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত ডি-ইউনিটের অবাণিজ্য গ্রুপের পরীক্ষা অনুষ্ঠিত হবে। ২৫ অক্টোবর সকাল ৯টায় সি-ইউনিটের বিজোড় রোল নম্বরধারীদের, ১১টা থেকে ১২টা পর্যন্ত সি-ইউনিটের জোড় এবং সব অবিজ্ঞান রোল নম্বরধারীদের, ১টা থেকে ২টা পর্যন্ত এইচ-ইউনিটের বিজোড় রোল নম্বর ও সাড়ে ৩টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত এইচ-ইউনিটের জোড় রোল নম্বরধারীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

মশিহুর রহমান আরও জানান, ২৬ অক্টোবর সকাল ৯টা থেকে ১০টা পর্যন্ত এ-ইউনিটের বিজোড় রোল নম্বরধারীদের, ১১টা থেকে ১২টা পর্যন্ত এ-ইউনিটের জোড় রোল নম্বরধারীদের, বেলা ১টা থেকে ২টা পর্যন্ত জি-ইউনিট এবং সাড়ে ৩টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত আই-ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। ২৭ অক্টোবর সকাল ৯টা থেকে ১০টা পর্যন্ত ই-ইউনিটের বিজোড়, ১১টা থেকে ১২টা পর্যন্ত ই-ইউনিটের জোড় রোল নম্বর, ১টা থেকে ২টা পর্যন্ত এফ-ইউনিটের বিজ্ঞান বিজোড় রোল নম্বর এবং সব অবিজ্ঞান রোল নম্বরের এবং সাড়ে ৩টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত এফ-ইউনিটের বিজ্ঞান জোড় রোল নম্বরধারীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এবার ৫৬টি বিভাগ ও ২টি ইনস্টিটিউটে ৪ হাজার ৭১৩ জন শিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তি পরীক্ষার জন্য মোট ১ লাখ ৭৮ হাজার ৯৪৯ জন ভর্তি-ইচ্ছুক আবেদন করেছেন।